দৈনিক ইনকিলাব
THE DAILY INQILAB
১৬
ঢাকা রোববার, ১১ অগ্রহায়ণ ১৪১৯, ২৫ নভেম্বর ২০১২

# ১২৮টি উপজেলায় আইসিটি ট্রেনিং ও রিসোর্স সেন্টার স্থাপন করা হচ্ছে

□ তালুকদার হারুন

দেশের নির্বাচিত ১২৮টি উপজেলায় আইসিটি ট্রেনিং সেন্টার এবং রিসোর্স সেন্টার স্থাপন করবে সরকার। শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস) ঋণ চুক্তি অনুযায়ী কোরিয়ান কোম্পানীর মাধ্যমে নির্বাচিত উপজেলায় রিসোর্স সেন্টার স্থাপনসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ও প্রশিক্ষণের জন্য এ প্রকল্পটি বাস্তবায়ন করবে। অনুমোদিত ডিপিপি অনুযায়ী প্রকল্পের বাস্তবায়নকাল ২০১৫ সালের ডিসেম্বর পর্যন্ত।

**প্রকল্প বাস্তবায়নে কোরিয়া ৩৯ মিলিয়ন ডলার দেবে**

[redacted]

ব্যানবেইস সূত্র জানায়, প্রকল্পটির প্রধান উদ্দেশ্য হচ্ছে- শিক্ষা সেক্টরে ই-গভর্নেন্স বাস্তবায়নের মাধ্যমে আইসিটি বিষয়ে মানবসম্পদ উন্নয়নসহ শিক্ষা তথ্য ব্যবস্থাকে শক্তিশালীকরণ। কারণ শিক্ষা ক্ষেত্রের সার্বিক সেবার গুণগত মান উন্নয়ন এবং ই-গভর্নেন্স বাস্তবায়নের লক্ষ্যে আইসিটি শিক্ষার প্রসার ও বিকেন্দ্রীকরণের প্রয়োজনীয়তা অনস্বীকার্য। সরকারের দারিদ্র্য নিরসনের জাতীয় নীতির সাথে সংগতি রেখে ২০২১ সালের মধ্যে ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে শিক্ষাক্ষেত্রে আইসিটিকে তৃণমূল পর্যায়ে সম্প্রসারণ করতেই শিক্ষা মন্ত্রণালয় এই প্রকল্প বাস্তবায়নের

পৃঃ ৫ কঃ ৭

## ১২৮টি উপজেলায়

১৬-এর পৃষ্ঠার পর

পদক্ষেপ নিয়েছে। এই প্রকল্পটি বাস্তবায়নের জন্য কোরিয়া সরকারের ইকনমিক ডেভেলপমেন্ট কো-অপারেশন ফান্ড (ইডিসিএফ)-এর আওতায় কোরিয়ার এক্সিম ব্যাংক থেকে ৪০ বছর মেয়াদে (১৫ বছর গ্রেস পিরিয়ডসহ) ০.০১% হার সুদে সহজ শর্তযুক্ত ৩৯ মিলিয়ন মার্কিন ডলার সহজ ঋণ হিসেবে সরকার ও এক্সিম ব্যাংকের মধ্যে চুক্তি স্বাক্ষর হয়েছে। প্রকল্পের অনুমোদিত প্রাক্কলিত ব্যয় তিনশ' তিরাত্তর কোটি তিন লাখ টাকা। এর মধ্যে জিওবি অনুদান একশ' ছয় কোটি পনের লাখ টাকা।

এই প্রকল্পের মাধ্যমে ১২৮ উপজেলায় আইসিটি ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টারের ভবন নির্মাণ, প্রশিক্ষণ, যন্ত্রপাতি ও আসবাবপত্র সংগ্রহ ও স্থাপন, সফ্টওয়্যার উন্নয়ন, পরামর্শক সেবা কার্যক্রম সম্পন্ন করা হবে।

জানা গেছে, এই প্রকল্পে এক লাখ বিয়াল্লিশ হাজার শিক্ষক-শিক্ষিকাকে আইসিটি প্রশিক্ষণ প্রদান করা হবে। তৃণমূল পর্যায়ের প্রাথমিক ও প্রাথমিকোত্তর পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের শিক্ষকদের আইসিটি শিক্ষা প্রদানের জন্য সকল সুবিধাসহ আইসিটি প্রশিক্ষণ ল্যাব স্থাপন করা হবে। প্রশিক্ষকদের প্রশিক্ষণ প্রদানের জন্য নির্বাচিত প্রতিটি উপজেলা থেকে ৬ জন কম্পিউটার শিক্ষক নির্বাচন করা হবে। তাদের স্ব-স্ব উপজেলার মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক এবং মাদরাসা শিক্ষকদের কম্পিউটার শিক্ষা প্রদানের উপযোগী করার জন্য ব্যানবেইসে নির্ধারিত মেয়াদে দেয়া হবে। রিসোর্স সেন্টারের মাধ্যমে শিক্ষা প্রতিষ্ঠান সংক্রান্ত তথ্য সরবরাহের জন্য স্থানীয় সাইবার সেন্টার ও স্থানীয় শিক্ষা ব্যবস্থাপনা তথ্যকেন্দ্র (উপওই) স্থাপন করা হবে। এই প্রকল্পের আওতায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে কম্পিউটার বিজ্ঞানের জন্য মাল্টিমিডিয়াভিত্তিক কোর্স সংযোজন ও প্রশিক্ষণ মডিউল উন্নয়ন হবে। একই সাথে মাল্টিমিডিয়াভিত্তিক কোর্স-এর উন্নয়ন এবং উপওই ব্যবস্থাপনা বিষয়ে সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাদের কোরিয়াতে প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে।

২৬/১১/১২